গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-১

## সিলেট বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির ফেব্রুয়ারি, ২০২১ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ১৫ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি: |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা রোজ সোমবার |
| স্থান | Zoom App এর মাধ্যমে Video Conference |
| উপস্থিতি | Zoom উপস্থিতি তালিকা |

সভাপতি Video Conferenceএর মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি সকল সদস্যকে অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে সদস্য সচিব সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর নিম্নলিখিত বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

**২.০ বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**

গত ২১ ডিসেম্বর, ২০২০ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সম্পর্কে সভায় আলোচনা করা হয়। কার্যবিবরণীটি এ কার্যালয়ের ১০/০১/২০২১ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৬.০০০০.০০৫.০৬.০০১.১৫.১৮ নং স্মারকে সংশ্লিষ্ট সকলের নিকট ই-নথি এবং ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন/সংযোজন না থাকায় তা দৃঢ় করা হয়।

**৩.০ বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কার্যক্রমের পর্যালোচনা ও বাস্তবায়ন অগ্রগতি:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| <u>৩.১.সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট জোন:</u><br>গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্যবিধি মেনে প্রকল্পসমূহের কাজ চলমান রাখা এবং বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক-মহাসড়কের মেরামত কাজ দ্রুত সমাপ্তকরণ বিষয়ে গুরুত্বারোপ করা হয়। জেলা প্রশাসক, সুনামগঞ্জ জানান যে, সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর এবং দোয়ারাবাজারসহ কিছু উপজেলার রাস্তা মেরামত করা প্রয়োজন। অতিরিক্ত প্রধান প্রকৌশলী সভায় অনুপস্থিত থাকায় বিস্তারিত আলোচনা করা যায়নি। | (ক) চলমান প্রকল্পসমূহের কাজ দ্রুত সম্পাদন করতে হবে। | (ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট। |
| | (খ) বন্যা এবং অধিক বৃষ্টিপাতে ক্ষতিগ্রস্ত সড়ক-মহাসড়ক দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট।<br>(খ)অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সিলেট। |
| | সিসিক এর আওতায় সড়ক-মহাসড়ক সমন্বয়পূর্বক মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক<br>খ. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট। |

| | | |
|---|---|---|
| <u>৩.২.এলজিইডি, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্যবিধি মেনে অসমাপ্ত প্রকল্পের কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে চলমান প্রকল্পসমূহের কাজের ৭৫% অগ্রগতি হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। পরিচালক, আইএমইডি বেশ কয়েক উপজেলা কমপ্লেক্সের কাজের ধীরগতির কথা উল্লেখ করেন। অতিরিক্ত প্রধান প্রকৌশলী জানান যে, কোভিড-১৯ এর কারণে কিছু কাজ বন্ধ ছিল, যা বর্তমানে চলমান। পর্যটন স্পটের লিংক রোডসমূহ এবং উপজেলার রাস্তা গুলোর নির্মাণ কাজ দ্রুত সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় জানানো হয় যে, ওসমানীনগর উপজেলাধীন পৈলনপুর ইউনিয়নের দৌলতপুর গ্রামে বুড়ি নদীর উপর এলজিইডি থেকে একটি ব্রিজের প্রস্তাব করা হয়েছে। উক্ত ব্রিজটি নদীয় থেকে নদীর প্রশস্ততা অনুযায়ী না হওয়ায় পানি প্রবাহে বিঘ্নসহ পরিবেশে বিরূপ প্রক্রিয়া সৃষ্টি করতে পারে। | (ক) প্রকল্পসমূহের চলমান কাজ সম্পন্ন করতে হবে।<br>(খ) পর্যটন স্পটের লিংকরোডগুলো গুরুত্বসহকারে অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করতে হবে।<br>(গ) উপজেলা রাস্তাগুলির কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।<br>(ঘ) যে সকল প্রকল্পের কাজের গতি মন্থর সে সকল প্রকল্পের কাজ দ্রুত গতিতে সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(ঙ) আলোচনায় বর্ণিত বুড়ি নদীর উপর প্রস্তাবিত ব্রিজের বিষয়ে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সিলেট। |
| <u>৩.৩.গণপূর্ত জোন, সিলেট:</u><br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জানান গত মাসের সভার সিদ্ধান্তমতে, স্বাস্থ্যবিধি মেনে নির্মাণ/মেরামত কাজ চলমান রয়েছে। সুনামগঞ্জ সার্কিট হাউজের উন্নয়ন কাজের বরাদ্দ না থাকায় কাজ করা যাচ্ছে না। বরাদ্দ পাওয়ার বিষয়ে তিনি জেলা প্রশাসক, সুনামগঞ্জের দৃষ্টি আকর্ষণ করেন। দোয়ারাবাজার মডেল মসিজদ এর নীচের গ্যাস লাইন সম্পর্কিত সমস্যাটি সমাধান হচ্ছে। গ্যাস লাইনটি সরানোর সিদ্ধান্ত হয়েছে। | (ক) সুনামগঞ্জ সার্কিট হাউজে গৃহীত উন্নয়ন কাজ দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা নিতে হবে। বরাদ্দ প্রাপ্তির বিষয়ে জেলা প্রশাসক, সুনামগঞ্জ প্রয়োজনীয় যোগাযোগ করবেন।<br>(গ) দোয়ারাবাজার মডেল মসজিদের নিচে গ্যাস লাইন এর সমস্যা দ্রুত সমাধান করতে হবে। | (ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, সিলেট।<br>(খ) জেলা প্রশাসক, সুনামগঞ্জ<br>(গ) কর্তৃপক্ষ, জালালাবাদ গ্যাস |

| | | |
|---|---|---|
| <u>৩.৪.পানি উন্নয়ন বোর্ড, সিলেট:</u><br>গত সভার সিদ্ধান্তমতে নদী, খাল ও বাধ মেরামত কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। প্রধান প্রকৌশলী জানান যে, ইতোমধ্যে চলমান প্রকল্পের ৫০% কাজের অগ্রগতি সম্পন্ন হয়েছে। ফসল রক্ষা বাঁধ নির্মাণ কাজ যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ফসল রক্ষা বাঁধের নির্মাণ কাজ যথাসময়ে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট জোন। |
| <u>৩.৫.বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্তমতে বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন রাখতে সর্বাত্মক চেষ্টা করা হচ্ছে। সিলেট শহর এলাকায় আন্ডার গ্রাউন্ড এ কাজ চলমান থাকায় শহরে বিদ্যুৎ প্রবাহে কিছুটা বিঘ্ন ঘটে থাকতে পারে। আন্ডার গ্রাউন্ডের কাজ শেষ হলে এ সমস্যা আর থাকবে না বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি জানান যে, গত সভার সিদ্ধান্তে বিকল্প সাবগ্রিড স্টেশন স্থাপনের বিষয়ে আলোচনা হয়। ইতোমধ্যে সিলেটের দক্ষিণ সুরমায় বিকল্প সাবস্টেশন স্থাপনের কাজ শুরু হয়েছে। এ বিষয়ে প্রস্তাব প্রেরণের প্রয়োজন নেই। | (ক) বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট। |
| <u>৩.৬.পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট:</u><br>সভার সিদ্ধান্ত মতে ঘন ঘন লোডশেডিং যাতে না হয় সে বিষয়েসতর্ক দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়।বিদ্যুৎ বিভ্রাট বিষয়েও সর্তক দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br>জেলা প্রশাসক, সুনামগঞ্জ জানান গত সভার ৩.৬(গ) সিদ্ধান্তে স্থাপিতব্য সুনামগঞ্জ মেডিকেল কলেজের বিদ্যুৎ সংযোগ সমন্বয়ের জন্য এখনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। | (ক) বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটলে স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে।<br>(গ) সুনামগঞ্জে মেডিকেল কলেজের বিদ্যুৎ সংযোগ সম্পর্কিত সমস্যাটি সমাধান করতে হবে। | (ক,খ, গ)প্রধান প্রকৌশলী, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট জোন।<br>(গ) জেলা প্রশাসক, সুনামগঞ্জ |
| <u>৩.৭.আঞ্চলিক খাদ্যনিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্তমতে স্থানীয় প্রশাসনের তত্ত্বাবধানে সরকার নির্ধারিত মূল্যে খাদ্য সংগ্রহ করা হচ্ছে। ইতোমধ্যে সিদ্ধ ১২% এবং আতপ ১৪% চাউল সংগ্রহ করা হয়েছে। সংগ্রহ কাজ ফেব্রুয়ারি, ২১ মাস পর্যন্ত চলবে। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট জানান যে, খাদ্য মওজুদ সন্তোষজনক পর্যায়ে রয়েছে। খাদ্য সংকট হবে না মর্মেও তিনি আশাবাদ ব্যক্ত করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী খাদ্য শস্য সংগ্রহ কার্যক্রম নিশ্চিত করতে হবে। | (ক) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট অঞ্চল, সিলেট।<br>(খ) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার। |

| | | |
|---|---|---|
| <u>৩.৮.সিলেট সিটি কর্পোরেশন:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্তমতে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা হয়েছে। বিদ্যুৎ বিল সংক্রান্ত আপত্তি নিষ্পত্তির বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রধান প্রকৌশলী বিউবো জানান আপত্তিকৃত বিদ্যুৎ বিলের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত আছে। আপত্তিকৃত বিল ব্যতীত অন্যান্য বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা নেয়ার ব্যাপারে সভায় আলোচনা করা হয়। | (ক) বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) আপত্তিকৃত বিদ্যুৎ বিলের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।। | (ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।<br>(খ) প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট। |
| <u>৩.৯.কৃষি সম্প্রসারণঅধিদপ্তর, সিলেট:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে ফসল উৎপাদন বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত আছে। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ জানান যে, হাওর সম্পৃক্ত উপজেলায় ফ্যাক্টরী থেকে অগ্রাধিকার ভিত্তিতে সার সরবরাহ করা প্রয়োজন। তবে সারের কোন সংকট নেই।সিলেট বিভাগে ফসল উৎপাদন গত বছরের চেয়ে ভাল হবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন। উৎপাদন বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | (ক) ফসল উৎপাদন বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(খ) উৎপাদিত ফসলের বাজার নিশ্চিতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) সার সংকট যাতে না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।<br>(ঘ) হাওর অঞ্চলের ফসলের জন্য অগ্রাধিকার ভিত্তিতে সার সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার<br>(২) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট। |
| <u>৩.১০.বিএডিসি (ক্ষুদ্রসেচ), সিলেট:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতেবিএডিসি'র শ্রীমঙ্গল এবং বানিয়াচং উপজেলায় পুরাতন পরিত্যক্ত গুদাম ভেঙ্গে নতুন গুদাম তৈরির বিষয়ে কার্যক্রম চলমান আছে। সকল স্কিমে বিদ্যুৎ সংযোগ প্রদান সম্ভব হয়েছে বলে সভায় জানানো হয়। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বিএডিসি, সিলেট সার্কেল, জানান যে, পুনর্বাসন এবং প্রণোদনার বীজের টাকা সিলেট এর দক্ষিণ সুরমাসহ হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলার কতিপয় উপজেলা পরিশোধ করেনি। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | (ক) শ্রীমঙ্গল ও বানিয়াচং উপজেলায় পুরাতন পরিত্যক্ত গুদাম বিধিমোতাবেক ভেঙ্গে নতুন গুদাম নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ) পুনর্বাসন এবং প্রণোদনার বীজের টাকা যথারীতি পরিশোধের ব্যবস্থা নিতে হবে। | ক. জেলা প্রশাসক,সিলেট/ হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ<br>খ.তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বিএডিসি, সিলেট সার্কেল, সিলেট |

| | | |
|---|---|---|
| <u>৩.১১.স্বাস্থ্যবিভাগ, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে কোভিড-১৯ প্রতিরোধে মাস্ক পরিধান বিষয়ে প্রচারণা অব্যাহত আছে। করোনা রোগীর তথ্য নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। সভায় টিকা প্রদানে সর্বসাধারণকে উদ্বুদ্ধ করার বিষয়ে আলোচনা করা হয় এবং নিবন্ধন ব্যতীত টিকা প্রদান নিরুৎসাহিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়। | (ক) করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে মাস্ক পরিধান বিষয়ে প্রাচরণা ও অন্যান্য কার্যক্রম জোরদার করতে হবে।<br>(খ) টিকা প্রদানে সর্বসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে এবং নিবন্ধন ব্যতীত টিকা প্রদান দেয়া যাবে না এ বিষয়ে প্রচারণা চালাতে হবে। | (ক) পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।<br>(খ) জেলা প্রশাসক (সকল) |
| <u>৩.১২.জনস্বাস্থ্য প্রকৌশলঅধিদপ্তর, সিলেট:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণে শিক্ষা বিভাগের সাথে সমন্বয় করা হচ্ছে।পরিচালক, আইএমইডি জানান যে হবিগঞ্জ-এ পৌরসভাসহ ০১টি, সুনামগঞ্জে ০১টি এবং সিলেটে ০২টি প্রকল্পের কাজ ২০১৭ সাল থেকে শুরু হয়ে অগ্রগতি মাত্র ১৩%। তিনি দ্রুত কাজ ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। | (ক) প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিতব্য ওয়াশ ব্লক স্থাপনের বিষয়ে প্রাথমিক শিক্ষা বিভাগের সাথে সমন্বয় করতে হবে।<br>(খ) ২০১৭ সন থেকে চলমান প্রকল্পসমূহের কাজ দ্রুত সমাপ্তকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) তত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সার্কেল। |
| <u>৩.১৩. প্রাণিসম্পদ অধিদপ্তর, সিলেট:</u><br>সভার সিদ্ধান্ত মতে প্রাণিসম্পদ বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলমান রাখার বিষয়ে এবং নিয়মিত সভায় উপস্থিতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণসহ সভায় উপস্থিত থাকতে হবে। | পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, সিলেট। |
| <u>৩.১৪. মৎস্য অধিদপ্তর, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে, ২৪টি জলাশয় সংস্কারের জন্য বরাদ্দ পাওয়া গেছে। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে সমন্বয় করে কার্য সম্পাদন করা হবে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণসহ জলাশয় সংস্কারের কাজ উপজেলা নির্বাহী অফিসারগণের সাতে সমন্বয় করে সম্পাদন করতে হবে। | বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট। |

| | | |
|---|---|---|
| ৩.১৫. আঞ্চলিক পরিচালকেরদপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, সিলেট অঞ্চল:<br>গত সভার সিদ্ধান্ত মতে বিসিসির চলমান প্রকল্প বাস্তবায়নের কাজ অব্যাহত রাখাসহ সভায় নিয়মিত উপস্থিতির বিষয়ে আলোচনা করা হয়। | (ক) সিলেট বিভাগে বিসিসির চলমান প্রকল্পসমূহের কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | (১) বিসিসি, সিলেট অঞ্চল, সিলেট। |
| ৩.১৬. বিটিসিএল, সিলেট:<br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্তমতে সিলেট শহরে ফ্রি ওয়াইফাই সেবা প্রদানের কাজ অব্যাহত রয়েছে। এছাড়া প্রধান কর্মাধ্যক্ষ, সিলেট বলেন যে, সিলেট শহরে নতুন সিস্টেমে ১১ ডিজিট এর নম্বর বিশিষ্ট টেলিফোন সেবা চালু করা হচ্ছে। দপ্তরসমূহকে নতুন সেবায় স্থানান্তরের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। | (ক) শহরে ফ্রি ওয়াই-ফাই সেবা প্রাদন নিশ্চিত করতে হবে।<br>(খ) নতুন সিস্টেমে ১১ ডিজিট এর নম্বর বিশিষ্ট টেলিফোন সেবা গ্রহণের বিষয়ে দপ্তর সমূহ ব্যবস্থা গ্রহণ করবে। | (ক) প্রধান কর্মাধ্যক্ষ,সিলেট টেলিযোগাযোগ অঞ্চল, সিলেট।<br>(খ) সকল বিভাগীয় দপ্তর প্রধান। |
| ৩.১৭. মাধ্যমিক ওউচ্চশিক্ষা অধিদপ্তর, সিলেট বিভাগ:<br>গত সভার সিদ্ধান্ত মতে অনলাইনে শিক্ষার্থীদের পাঠদান অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) অনলাইনে শিক্ষার্থীদের ক্লাস নেয়ার চলমান ধারা অব্যাহত রাখতে হবে। | (১) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, সিলেট অঞ্চল। |
| ৩.১৮. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সিলেট বিভাগ:<br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্তমতে বিদ্যালয় বন্ধ থাকাকালীন নির্মাণ/মেরামত কাজ চলমান রয়েছে। যথাযথভাবে শিক্ষার্থীদের হাতে নতুন বই পৌছে দেয়া হয়েছে। | যথাযথ স্বাস্থ্যবিধি মেনে প্রাথমিক বিদ্যালয়সমূহের অসমাপ্ত উন্নয়ন ও মেরামত কাজ সম্পন্ন করতে হবে। | (১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, সিলেট অঞ্চল।<br>(২) উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট |
| ৩.১৯. বিআরডিবি, সিলেট:<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্তমতে ঋণ আদায় ও বিতরণসহ দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি ও সরকারি নির্দেশনা মেনে সহনশীল হয়ে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে লক্ষ্যমাত্রা অর্জনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | (ক) উপপরিচালক, বিআরডিবি, সিলেট। |
| ৩.২০. বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস, সিলেট:<br>গত সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম চলমান রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) স্বাস্থ্যবিধি মেনে পরিবার পরিকল্পনার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস, সিলেট বিভাগ, সিলেট। |

| | | |
|---|---|---|
| <u>৩.২১. ভোক্তা অধিকার সংরক্ষণ সংক্রান্ত :</u><br>ক. স্বাস্থ্যবিধি মেনে ভোক্তা অধিকার সংরক্ষণে নিয়মিত বাজার মনিটরিং এর বিষয়ে আলোচনা করা হয়।<br>খ. নিয়মিত সভায় উপস্থিত থাকার বিষয়েও সভায় আলোচনা করা হয়। | স্বাস্থ্যবিধি মেনে বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে। | ক. জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।<br>ক-খ. উপপরিচালক, বিভাগীয় ভোক্তা অধিকার সংরক্ষণঅধিদপ্তর, সিলেট। |
| <u>৩.২২. পরিবেশ অধিদপ্তর, সিলেট:</u><br>গত সভার সিদ্ধান্ত মতে সিলেট বিভাগে পরিবেশ অধিদপ্তরের কার্যক্রম ও অভিযান চলমান রাখাসহ বিভিন্ন স্থানে স্থাপিত অবৈধ/অননুমোদিত পাথর ভাঙ্গার মেশিন উৎখাতের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) পরিবেশ অধিদপ্তরের টাস্কফোর্স অভিযান অব্যাহত রাখতে হবে।<br>(খ) প্রকল্প প্রণয়নের সময় পরিবেশ ছাড়পত্র গ্রহণের বিষয় বিবেচনায় রাখতে হবে।<br>(গ) অবৈধ ইটভাটা / অবৈধ পাথরভাঙ্গার মেশিন বন্ধে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (১) উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।<br>(২)জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ।<br>(৩) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগ। |
| <u>৩.২৩. বিভাগীয় বনকর্মকর্তার কার্যালয়, সিলেট:</u><br>গত সভার সিদ্ধান্ত মতে তামাবিল সংলগ্ন বন ভূমি দখল মুক্ত রাখার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। অবৈধ স্থাপনায় বিদ্যূৎ সংযোগ বন্ধের ব্যবস্থা নিতে হবে। | (ক) তামাবিলে বনভূমির ভূমি যাতে পাথর/কয়লা রাখা না হয় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ) অবৈধ স্থাপনায় বিদ্যুৎ সংযোগ বন্ধ করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ক. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগ/ বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট।<br>খ. জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |
| <u>৩.২৪.বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট:</u><br>পাসপোর্ট অফিসকে দালালমুক্ত রাখাসহ নিয়মিত সভায় উপস্থিত থাকার বিষয়ে সভায় আলোচনা করা | পাসপোর্ট অফিসকে দালালমুক্ত রাখার জন্য নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা এবং অনলাইনে আবেদন পত্র গ্রহণ এবং মেসেজ দিয়ে পাসপোর্ট বিতরণ নিশ্চিত করতে হবে। | (১) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।<br>(২) পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট। |

| | | |
|---|---|---|
| <u>৩.২৫. জোনাল সেটেলমেন্ট অফিস, সিলেট:</u><br>চূড়ান্ত প্রকাশিত ভলিউম ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্টদের নিকট প্রেরণ কার্যক্রম চলমান রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | চূড়ান্ত প্রকাশিত ভলিউম ও মৌজা ম্যাপ জেলা প্রশাসক ও অন্যান্যদের নিকট দ্রুত হস্তান্তর করতে হবে। | জোনাল সেটেলমেন্ট অফিসার, সিলেট জোন, সিলেট। |
| <u>৩.২৬.বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট:</u><br>বয়স্ক ভাতাসহ অন্যান্য ভাতা অনলাইনে সরাসরি সেবাগ্রহীতার নিকট প্রেরণের লক্ষ্যে কার্যক্রম চলমান রাখা এবং মুক্তিযোদ্ধাদের অনলাইন তালিকা হালনাগাদ করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) মুক্তিযোদ্ধা ভাতাসহ সকল প্রকার ভাতা ক্রমান্বয়ে অনলাইন পদ্ধতিতে সরাসরি গ্রাহকের নিকট পৌঁছানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।<br>(খ) মুক্তিযোদ্ধাদের অনলাইন তালিকা দ্রুত হালনাগাদ করতে হবে। | (১) পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট।<br>(২) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ। |
| <u>৩.২৭.বিভাগীয় সমবায় অফিস, সিলেট:</u><br>অনাবাদি জমি আবাদে সমবায়ীগণকে উদ্বুদ্ধকরণে যথাযথ ভূমিকা অব্যাহত রাখতে সভায় আলোচনা করা হয়। | অনাবাদি জমি আবাদে সমবায়ীগণকে যথাযথ ভূমিকা পালনের ধারা অব্যাহত রাখতে হবে। | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় |
| <u>৩.২৮. বিভাগীয় পরিসংখ্যান অফিস, সিলেট:</u><br>স্বাস্থ্য বিধি মেনে শুমারি ও তার বিভাগের সকল কার্যক্রম চলমান রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | শুমারিসহ অন্যান্য কাজ অব্যাহত রাখতে হবে। | যুগ্ম পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, সিলেট। |
| <u>৩.২৯. উপপরিচালক (বীজ ও সার বিপনন), বিএডিসি, সিলেট:</u><br>সার ও বীজ সরবরাহসহ ফসল উৎপাদনে কার্যকর ভূমিকা রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বোরো মৌসুমে হা্ওর অঞ্চলে কৃষকদের মাঝে সার ও আগাম জাতের ধানের বীজ সরবরাহ করে কাংখিত চাষ নিশ্চিতকরণ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খ. উপ পরিচালক (বীজ ও সার বিপনন), বিএডিসি, কদমতলী সিলেট। |

| | | |
|---|---|---|
| ৩.৩০.কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট:<br>স্বাস্থ্যবিধি মেনে ফল ও সবজি প্রক্রিয়াজাতকরণ ও বাজার ব্যবস্থাপনাবিষয়ক প্রশিক্ষণ প্রদানসহ কৃষকদেরকে উদ্বুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ফল ও সবজি প্রক্রিয়াজাতকরণ ও বাজার ব্যবস্থাপনাবিষয়ক প্রশিক্ষণ প্রদানসহ কৃষকদেরকে উদ্বুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট। |
| ৩.৩১. জাতীয় সঞ্চয় অধিদপ্তর, সিলেট<br>স্বাস্থ্যবিধি মেনে অনলাইন এবং ম্যানুয়েল পেমেন্ট কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অনলাইন এবং ম্যানুয়েল পেমেন্ট কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১।জাতীয় সঞ্চয় অধিপ্তর, সিলেট। |
| ৩.৩২.জেলাপরিষদ, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার:<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে জেলা পরিষদের উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। | চলমান উন্নয়ন প্রকল্পসমুহের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১-৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার/সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ |
| ৩.৩৩.বিভাগীয় ফায়ার সার্ভিস অফিস, সিলেট:<br>উপ-পরিচালক, ফায়ার সার্ভিস, সিলেট জানান গত সভার সিদ্ধান্ত মতে তার বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপপরিচালক, ফায়ার সার্ভিস, সিলেট |
| ৩.৩৪. বিভাগীয় আনসার ভিডিপি অফিস, সিলেট<br>উপপরিচালক, বিভাগীয় আনসার ভিডিপি, সিলেট জানান গত সভার সিদ্ধান্ত মতে তার বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপপরিচালক, বিভাগীয় আনসার, ভিডিপি, সিলেট। |
| ৩.৩৫. মোট্রোপলিটন পুলিশ কমিশনার, সিলেট:<br>মোট্রোপলিটন পুলিশ এর কার্যক্রম সম্পকে সভায় আলোচনা করা হয়। পুলিশ কমিশনার, সিলেট বলেন, সরকারের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। কোন কাজে পুলিশের প্রয়োজন হলে পুলিশ সহায়তা দিতে সর্বদা প্রস্তুত রয়েছে। | আইনশৃঙ্খলা রক্ষাসহ চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পুলিশকমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট |
| ৩.৩৬.ইসলামিক ফাউন্ডেশন, সিলেট:<br>পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট বিভাগ জানান গত সভার সিদ্ধান্ত মতে তার বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। স্বাস্থ্য বিধি মেনে ইমাম প্রশিক্ষণ কার্যক্রম চালু হচ্ছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট। |
| ৩.৩৭.জালালাবাদ গ্যাস:<br>জালাবাদ গ্যাসের প্রতিনিধি জানান যে, রাজনগর-চাঁদনীঘাট রাস্তা সংলগ্ন গ্যাস লাইন স্থাপনের জন্য সড়ক ও জনপথ বিভাগের নিকট জানুয়ারি মাসে ডিমান্ড নোট দেয়া হয়েছিল। অনুমোদন না পাওয়ায় গ্যাস লাইনে কাজ করা যাচ্ছে না। | রাজনগর-চাঁদনীঘাট রাস্তা সংলগ্ন গ্যাস লাইন স্থাপনে প্রয়োজনীয় সমন্বয় করতে হবে। | ক. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ<br>খ. জেলা প্রশাসক, মৌলভীবাজার<br>গ. মহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সিলেট |

| | | |
|---|---|---|
| <u>৩.৩৮. বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ:</u><br>আইএমইডি এর প্রতিনিধি সভায় জানান যে, বিভিন্ন বিভাগের প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত তথ্য আইএমইডি কর্তৃক তত্ত্বাবধান করা হয়। সভার পূর্বে এ সকল প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত তথ্য সংগ্রহ করা প্রয়োজন। সড়ক ও জনপথ বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলী বর্ণনামতে, কোন কোন প্রকল্প সরাসরি বিভাগীয় দপ্তরের অধীন নয়, প্রকল্প সম্পর্কিত তথ্য হয়তো একই মন্ত্রণালয়ের অধীন অন্য দপ্তর বা সংস্থা থেকে সংগ্রহ করতে হবে। কোন্ কোন্ প্রকল্পের তথ্য প্রয়োজন সে তালিকা পাওয়া গেলে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা থেতে তথ্য সংগ্রহ করা যেতে পারে। | ক. আইএমইডি কর্তৃক তত্ত্বাবধানকৃত প্রকল্পের তালিকা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের নিকট প্রেরণ করতে হবে।<br>খ. বিভাগীয় প্রধানগণ আইএমইডি'র তালিকাভুক্তি প্রকল্পের হালনাগাদ তথ্য সংগ্রহ করে আইএমইডি'র প্রতিনিধি এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। | ক. প্রতিনিধি, আইএমইডি<br>খ. সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |

৪.০ গত মাসে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন নিশ্চিত করায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং পরর্তী সভার সিদ্ধান্তসমূহের ক্রমাগত বাস্তবায়ন অব্যাহত রাখার বিষয়ে অনুরোধ জানান।সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.০৬.০০১.১৫.১২৮

তারিখ: <u>১৮ ফাল্গুন ১৪২৭</u>
০৩ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সদয় অবগতির জন্য)

২) সিলেট বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সদস্যবৃন্দ

৩) সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার